# সাংবিধানিক নিয়মেই স্থানীয় সরকার নির্বাচন: স্থানীয় সরকারমন্ত্রী



স্থানীয় সরকারমন্ত্রী ড. মঈন খান। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের ক্ষেত্রে সংবিধানে নির্ধারিত নিয়ম অনুসরণ করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ড. আব্দুল মঈন খান। রোববার (২৩ আগস্ট) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি সরকারের পরিকল্পনার কথা তুলে ধরেন।

মন্ত্রী বলেন, সরকারের নীতিমালা অনুযায়ী স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকারের পাঁচটি ধাপে জনগণের অভিপ্রায়কে গুরুত্ব দিয়ে নির্বাচনের আয়োজন করা হবে।

মন্ত্রণালয়ের প্রতিটি কর্মকর্তাকে দায়িত্ব পালনের ক্ষেত্রে জবাবদিহির মধ্যে থাকতে হবে বলেও উল্লেখ করেন তিনি। কোনো দপ্তর বা বিভাগে অনিয়ম কিংবা দুর্নীতির ঘটনা ঘটলে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নেবে।

এলজিআরডি মন্ত্রণালয় সঠিকভাবে পরিচালিত হলে দেশের সামগ্রিক ব্যবস্থাপনাও কার্যকরভাবে এগিয়ে নেওয়া সম্ভব হবে বলে মনে করেন আব্দুল মঈন খান।

দেশের দরিদ্র মানুষের প্রয়োজনকে গুরুত্ব দিয়ে মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালনা করা হবে বলেও জানান স্থানীয় সরকারমন্ত্রী।

LENS ASIA